

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd


স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৯৯.০০৩.২৫-৬২

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২
০৯ এপ্রিল ২০২৬

বিষয়: বেসরকারি অবসরপ্রাপ্ত শিক্ষকদের পুল গঠন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক স্বল্পতা এবং এনটিআরসি কর্তৃক শিক্ষক নিয়োগে বিলম্ব হওয়ার কারণে শ্রেণি কক্ষে পাঠদান কার্যক্রমে বিঘ্নিত হচ্ছে। শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করণ এবং গুনগত ও মানসম্পন্ন শিক্ষা দানের উদ্দেশ্যে অভিজ্ঞ এবং শারিরিকভাবে সক্ষম অবসরপ্রাপ্ত শিক্ষকদের সমন্বয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তার পরামর্শ মোতাবেক সংশ্লিষ্ট ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটির অনুমোদনক্রমে অবসরপ্রাপ্ত শিক্ষক পুল গঠনের বিষয়ে নির্দেশক্রমে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- ১। উপজেলাভিত্তিক উপজেলার অবসরপ্রাপ্ত ও শারিরিকভাবে সক্ষম শিক্ষকদের দিয়ে একটি অবসরপ্রাপ্ত শিক্ষক পুল গঠন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক (সকল)-কে অনুরোধ করা হলো;
- ২। সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী কর্মকর্তার পরামর্শক্রমে সংশ্লিষ্ট ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটির অনুমোদনক্রমে প্রয়োজনের নিরীখে সাময়িকভাবে উক্ত পুল হতে শিক্ষক নিয়োগ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ৩। প্রতিষ্ঠানের নিজস্ব তহবিলের অত্যাবশ্যকীয় খাত থেকে এ সংক্রান্ত সম্মানী ব্যয় নির্বাহ করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে অনুরোধ করা হলো।


শিরীন আক্তার ০৯/০৪/২৬

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫০৩৪১

nongovt.secondary.sec1@shed.gov.bd

বিতরণ:


- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
- ৩। জেলা প্রশাসক (সকল)
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৯৯.০০৩.২৫-৬২/১(৫)

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২
০৯ এপ্রিল ২০২৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৫। অফিস কপি।


শিরীন আক্তার ০৯/০৪/২৬
সিনিয়র সহকারী সচিব